# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ লিমন উচ্চশিক্ষা লাভের উদ্দেশ্যে 'ক' দেশে যায়। সেখানে সে পড়াশুনার পাশাপাশি একটি কারখানায় খণ্ডকালীন চাকরি পায়। তার মালিককে কারখানাটি স্থাপনের জন্য সরকারের অনুমতির প্রয়োজন হয়নি। এখানে সে তার প্রয়োজন অনুযায়ী যেকোনো দ্রব্য ভোগ করতে পারে।

ক. অধ্যাপক মার্শাল প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লিখ। ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' দেশে কোন অর্থব্যবস্থা প্রচলিত? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, 'ক' দেশের ভোক্তারা পূর্ণ স্বাধীনতা ভোগ করে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২.▶ ফারহানা হক একজন নার্স। সে শহরের একটি হাসপাতালে শিশু ওয়ার্ডে কাজ করেন। সে সারাদিন শিশুদের সান্নিধ্যে সময় কাটায়। দিনের শেষে সে যখন বাড়ি ফিরে আসে তখন তার দুই মেয়ে রিনা ও বিনাকেও সে লালন-পালন ও দেখাশোনা করেন।

ক. সম্পদ কাকে বলে? ১

খ. শক্তি সম্পদ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত ফারজানা হকের পেশাটি কি অর্থনৈতিক কাজ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফারজানা হকের সন্তানের দেখাশোনা করা এবং হাসপাতালের শিশুদের দেখাশোনা করার মাঝে কোন পার্থক্য আছে কি? তোমার মতামত দাও। ৪

Teachingbd24.com

৩.▶ তালিকায় বিভিন্ন দামে A দ্রব্যের যোগান ও চাহিদা উল্লেখ করা হলো :

| দাম | চাহিদার পরিমাণ | যোগানের পরিমাণ |
|---|---|---|
| ২৫ | ১২০ | ১৬০ |
| ২০ | ১৪০ | ১৪০ |

ক. চাহিদা কাকে বলে? ১

খ. চাহিদা বিধি ও যোগান বিধির মধ্যে পার্থক্য কী? ২

গ. উদ্দীপক অনুসারে A দ্রব্যের যোগান রেখা অংকন করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উপরের তথ্য অবলম্বনে রেখাচিত্র অংকন করে A দ্রব্যের ভারসাম্য দাম নির্ণয় কর। ৪

৪.▶জনাব ওয়াহিদ একজন সফল ব্যবসায়ী। তিনি তার কিছু শ্রমিক দ্বারা বান্দরবান ও খাগড়াছড়ি থেকে কাঠ কিনে চট্টগ্রাম শহরে এনে সুবিধামতো রূপ পরিবর্তন করে, নানা রকম বাহারি আসবাবপত্র তৈরি করেন। তিনি তার পণ্যের বাজার বিস্তৃত করতে বিভিন্ন প্রদর্শনীতে অংশ নিয়ে থাকেন।

ক. গড় উৎপাদন কাকে বলে? ১

খ. প্রকৃত উৎপাদন ব্যয় ধারণাটি বুঝিয়ে লেখ। ২

গ. ওয়াহিদের উপযোগ সৃষ্টির প্রক্রিয়াটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ওয়াহিদকে কি একজন সফল সংগঠক বলা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ সুমি A শহরের ফুল সরবরাহ করে। শহরের একটি কলেজের নবীনবরণ অনুষ্ঠানে অনেক ফুলের প্রয়োজন হয়। ফুল কিনতে গেলে সুমি বেশি দাম দাবি করে। উপায় না থাকায় কলেজ কর্তৃপক্ষকে বেশি দামেই ফুল কিনতে হয়। কিন্তু B শহরে অনেক ফুলের দোকান রয়েছে। ফলে সেখানে ক্রেতারা ফুলের গুণাগুণ ও দরকষাকষি করে কিনতে পারেন।

ক. একচেটিয়া বাজার কী? ১

খ. ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য কী? ২

গ. সুমির ফুলের দোকান অর্থনীতিতে কোন ধরনের বাজারের নির্দেশ করে — ব্যাখ্যা কর। ৩

ঘ. উভয় শহরের ফুলের বিক্রেতারা কি একই মুনাফা অর্জন করবে? মতামত দাও। ৪

৬.▶ 'ক' দেশে এক বছরে ১ লক্ষ কুইন্টাল ধান, ২০ হাজার কুইন্টাল পাট, ১ লক্ষটি পোশাক ও ১ লক্ষটি সাবান উৎপাদিত হয়। উৎপাদিত দ্রব্যগুলোর বাজার

https://teachingbd24.com

দর নিম্নরূপ:

ধান প্রতি কুইন্টাল ১ হাজার টাকা
পাট প্রতি কুইন্টাল ১ হাজার টাকা
পোশাক প্রতিটি ১ হাজার টাকা
সাবান প্রতিটি ৪০ টাকা

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১
খ. নিট জাতীয় উৎপাদন বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে কীভাবে 'ক' দেশটির মোট দেশজ উৎপাদন নিরূপণ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কোন দ্রব্যগুলোর খাত বাংলাদেশের অর্থনীতিতে অধিকতর ভূমিকা রাখে? বিশ্লেষণ কর। ৪

৭.▶ সোহরাব সাহেব একটি প্রতিষ্ঠানে স্বল্প বেতনে চাকরি করে। সে প্রতি মাসে আয়ের কিছু অংশ একটি ব্যাংকে রেখে দেয়। মাঝে মাঝে সে প্রয়োজন মতো টাকা তুলে খরচ করে। এভাবে তার বেশ কিছু টাকা সঞ্চয় হয়।

ক. কোন ধরনের আমানতের ওপর সুদ হয় না? ১
খ. নিকাশ ঘরের কাজ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ব্যাংকের কাজের ইঙ্গিত দেয়া হয়েছে সেটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকের যে কাজের ইঙ্গিত রয়েছে সেটিই কি উক্ত ব্যাংকের একমাত্র কাজ? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ নিচের ছকটি লক্ষ কর:

A → ধান, পাট, আখ, গম, তুলা, চা

B → পাটশিল্প, চিনিশিল্প, সারশিল্প, কাগজশিল্প, বস্ত্রশিল্প

ক. অর্থনৈতিক খাত কী? ১
খ. সেবা খাত বলতে কী বোঝায়? ২
গ. A খাতের উপর বাংলাদেশের অর্থনীতি অনেকটাই নির্ভরশীল— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'A' ও 'B' খাত একে অপরের উপর নির্ভরশীল — বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৯.▶ শরীফ মিঞা তার কৃষি জমিতে বছরের প্রায় ২৫ মণ ধান উৎপাদন করতে পারে। তার বড় ছেলে জাফর অন্যকোনো কাজ না পেয়ে তার সাথেই কৃষি কাজে নিয়োজিত হয়। কিন্তু তাতে উৎপাদনের পরিমাণ একই থেকে যায়।

ক. বেকারত্ব কী? ১

খ. মৌসুমি বেকারত্ব বলতে কী বুঝায়? ২

গ. জাফরের বেকারত্বের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. জাফরের মতো উদ্বৃত্ত শ্রমিকদের বেকারত্ব নিরসনে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায়? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ ইসরাত একটি ডিপার্টমেন্টাল স্টোরে কেনাকাটা করতে যায়। সে কেনাকাটা শেষে দাম পরিশোধ করতে গেলে তাকে প্রকৃত দামের সাথে কিছু অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হয়। এ প্রসঙ্গে দোকানিকে জিজ্ঞাসা করলে তিনি বলেন, এটি বিক্রয়ের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত হারে ক্রেতার নিকট থেকে আদায় করা হয়।

ক. ভূমি রাজস্ব কাকে বলে? ১

খ. সম্পূরক শুল্ক কী? ব্যাখ্যা কর। ২

গ. ইসরাতের কাছ থেকে আদায়কৃত অতিরিক্ত অর্থ সরকারি রাজস্বের কোন উৎসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবগারি শুল্কের সাথে ইসরাত প্রদত্ত অতিরিক্ত অর্থের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

১১.▶ এনাম সাহেব একজন সফল উদ্যোক্তা। সিলেটে তার বিশাল চা কারখানা থেকে উৎপাদিত পণ্যের ওপর বিপুল পরিমাণ কর দিতে হয়। তার শিল্পপতি বন্ধু আমদানি ও রপ্তানি বাণিজ্যে নিয়োজিত। বিপুল সম্পদের মালিক, কিন্তু তিনি কর ফাঁকি দেন।

ক. বাজেট কাকে বলে? ১

খ. উন্নয়নশীল দেশ ঘটতি বাজেট প্রণয়নে গুরুত্ব দেয় কেন? ২

গ. এনাম সাহেব কোন ধরনের কর প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. এনাম সাহেবের বন্ধু এনাম সাহেবের মতো কর প্রদান করলে দেশ ক্রমে আত্মনির্ভরশীলতার দিকে এগিয়ে যাবে — বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'অর্থশাস্ত্র' গ্রন্থটির রচয়িতা কে?**
ⓚ এরিস্টটল ⓚh প্লেটো
ⓖ কৌটিল্য ⓖh অমর্ত্যসেন

**নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
এবার বিশ্বকাপ ফুটবল খেলা দেখতে নাভিদ এমন একটি দেশে গেল যেখানে সকল সম্পদ রাষ্ট্রীয় মালিকানাধীন।

**২. দেশটিতে কোন ধরনের অর্থব্যবস্থা প্রচলিত?**
ক) ধনতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক
গ) মিশ্র ঘ) ইসলামী

**৩. উক্ত অর্থব্যবস্থার বৈশিষ্ট্য হলো—**
i. কেন্দ্রীয় পরিকল্পনা
ii. ব্যক্তিগত মুনাফার অনুপস্থিতি
iii. অবাধ ও প্রতিযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i
গ) ii ঘ) i, ii ও iii

**৪. আয়ের বৃত্তাকার প্রবাহের খাতগুলো কী?**
ক) পরিবার ও দ্রব্য
খ) ফার্ম ও উৎপাদনের উপকরণ
গ) দ্রব্য ও সেবার বাজার
ঘ) পরিবার ও উৎপাদক

**৫. কোনটি মূলধনী দ্রব্য?**
ক) বস্ত্র খ) পাউরুটি
গ) যন্ত্রপাতি ঘ) নদীর পানি

**৬. আয় ও ভোগ ব্যয়ের পার্থক্যকে কী বলে?**
ক) বিনিয়োগ খ) সঞ্চয়
গ) বিনিময় ঘ) মূলধন

**৭. 'প্রাকৃতিক গ্যাস' ব্যবহৃত হয়—**
i. রাসায়নিক সার তৈরিতে
ii. বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে
iii. রান্নাঘরের জ্বালানি হিসেবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৮. শাল ও গজারি গাছ পাওয়া যায়—**
i. সিলেটের বনভূমিতে
ii. মধুপুর ও ভাওয়ালের বনভূমিতে
iii. রংপুর ও দিনাজপুর বনভূমিতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ঘ) i, ii ও iii

**৯. একজন ভোক্তার কমলা ভোগের উপযোগ সূচি—**

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ | ৫ | ৫ |
| ২ | ৯ | ৪ |
| ৩ | ১২ | ? |

**সূচি অনুসারে ৩য় কমলার প্রান্তিক উপযোগ কত?**
ক) ৫ টাকা খ) ৪ টাকা
গ) ৩ টাকা ঘ) ৭ টাকা

**১০. উপরের সূচিতে দেখা যাচ্ছে প্রান্তিক উপযোগ—**
ক) ক্রমহ্রাসমান হারে বাড়ে
খ) ক্রমহ্রাসমান হারে কমে
গ) দ্রুত কমে ঘ) ঋণাত্মক হয়

**১১. বাজারে সব ভোক্তার ব্যক্তিগত চাহিদার সমষ্টিকে কী বলে?**
ক) ব্যক্তিগত চাহিদা খ) সামাজিক চাহিদা
গ) জাতীয় চাহিদা ঘ) বাজার চাহিদা

**১২. বাজার ভারসাম্যের শর্ত কোনটি?**
ক) চাহিদা = যোগান খ) চহিদা > যোগান
গ) যোগান > চাহিদা ঘ) চাহিদা ≠ যোগান

**১৩. নুরু মিয়া ও তার ছেলে ঘুম ও আরাম ত্যাগ করে তাদের লিচুর বাগানকে নানা উপদ্রব থেকে রক্ষা করেন। এটি কোন ধরনের ব্যয়?**
ক) প্রকৃত উৎপাদন ব্যয়
খ) আর্থিক উৎপাদন ব্যয়
গ) প্রকাশ্য ব্যয় ঘ) ব্যক্তিগত ব্যয়

**১৪. উৎপাদনের উপকরণ কয়টি?**
ক) ৬টি খ) ৫টি
গ) ৪টি ঘ) ৩টি

**১৫. উৎপাদনের জীবন্ত উপকরণ কোনটি?**
ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) কাঁচামাল

**১৬. 'মনোপলি' শব্দের অর্থ কী?**
ক) একজন বিক্রেতা খ) অল্প সংখ্যক বিক্রেতা
গ) অনেক বিক্রেতা
ঘ) একজন বিক্রেতা ও একজন ক্রেতা

https://teachingbd24.com

১৭. কোনটি পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্য?
ক) এককভাবে যোগান নিয়ন্ত্রণ
খ) নতুন ফার্মের প্রবেশ বন্ধ
গ) বাহ্যিক প্রভাব নেই
ঘ) উৎপাদিত দ্রব্যের পৃথকীকরণ

১৮. 'বাংলাদেশের তিতাস গ্যাস' কোন ধরনের বাজারের অন্তর্ভুক্ত?
ক) একচেটিয়া বাজার
খ) অলিগোপালি বাজার
গ) একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার
ঘ) পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার

১৯. রুমানা তার বাড়ির আঙিনায় সাধারণ বীজ বপন করে প্রথম বছর যে পরিমাণ সবজি পান, পরের বছর উন্নত জাতের বীজ ব্যবহার করে তার চেয়ে বেশি সবজি পান। রুমানা উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে কোনটির ব্যবহার পরিবর্তন করেছেন?
ক) ভূমি　খ) শ্রম
গ) প্রযুক্তি　ঘ) মূলধন

২০. জাতীয় আয় গণনার সময় নিচের কোনটি ধরা হয়?
ক) চূড়ান্ত দ্রব্য ও সেবার মূল্য
খ) মাধ্যমিক দ্রব্য ও সেবার মূল্য
গ) সরকারি ঋণ
ঘ) দুর্নীতির মাধ্যমে অর্জিত আয়

২১. স্বাস্থ্য ও সেবা খাতের বিষয়টি হিসাব করা হয় কোন পদ্ধতিতে?
ক) উৎপাদন পদ্ধতিতে
খ) আয় পদ্ধতিতে
গ) ব্যয় পদ্ধতিতে
ঘ) ব্যক্তিগত হিসাবের মাধ্যমে

২২. আধুনিক অর্থনীতিতে অর্থ হচ্ছে—
i. বিনিময়ের মাধ্যম
ii. মূল্যের পরিমাপক
iii. ঋণের ভিত্তি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

২৩. সরকারের একটি বাড়ি একটি খামার প্রকল্পের অংশীদার কোন ব্যাংক?
ক) গ্রামীণ ব্যাংক　খ) সমবায় ব্যাংক
গ) কৃষি ব্যাংক　ঘ) ডেভেলপমেন্ট ব্যাংক

২৪. বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক কোনটি?
ক) পূবালী ব্যাংক লি.　খ) উত্তরা ব্যাংক লি.
গ) এবি ব্যাংক লি.　ঘ) ইসলামি ব্যাংক লি.

২৫. সালমা তার ছেলে মেয়ে নিয়ে ঘরে বসে বাঁশ ও বেতের ঝুড়ি তৈরি করে বাজারে বিক্রি করে। এ কাজটি কোন শিল্পের অন্তর্গত?
ক) কুটির শিল্প　খ) মাঝারি শিল্প
গ) বৃহৎ শিল্প　ঘ) মৌলিক শিল্প

২৬. বাংলাদেশের শ্রম শক্তির কতভাগ শিল্পখাতে নিয়োজিত?
ক) ১৪.৩ শতাংশ　খ) ১৭.৬৪ শতাংশ
গ) ৩০.৬৪ শতাংশ　ঘ) ২৩.৬৪ শতাংশ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

করিম ও রহিম জমিতে বীজ বপন ও ফসল কাটার সময় ব্যস্ত থাকে। কিন্তু বছরের অন্য সময় তাদের কোনো কাজ থাকে না।

২৭. কৃষি ক্ষেত্রে করিম ও রহিমের মতো লোকদের কী বলে?
ক) স্থায়ী বেকার　খ) প্রচ্ছন্ন বেকার
গ) মৌসুমি বেকার　ঘ) ছদ্মবেশী বেকার

২৮. উক্ত বেকারত্ব দূর করার জন্য প্রয়োজন—
i. শিল্পখাতে শ্রমিকের স্থানান্তর
ii. বছরে একটি ফসল উৎপাদন
iii. কৃষিতে বিনিয়োগ বাড়ানো
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii　খ) ii ও iii
গ) ii　ঘ) i, ii ও iii

২৯. কোনটি বাংলাদেশের আর্থিক বছর?
ক) জানুয়ারি-ডিসেম্বর　খ) জুলাই-জুন
গ) জুন-জুলাই　ঘ) ডিসেম্বর-জানুয়ারি

৩০. বাংলাদেশের কত সাল থেকে মূল্য সংযোজন কর চালু করা হয়েছে?
ক) ১৯৯৩-৯৪　খ) ১৯৯২-৯৩
গ) ১৯৯০-৯১　ঘ) ১৯৯১-৯২

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |